গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপমহাপরিচালকের কার্যালয়
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ।

স্মারক নং- ৪৪.০৩.৪৫৬১.০০১.০০.০০০.২২.২০৫৯

তারিখ: ০৫ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ।
২০ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ।

বিষয়: ২৫ ডিসেম্বর 'বড় দিন' ও ৩১ ডিসেম্বর "থার্টি ফার্ষ্ট নাইট" উদযাপন উপলক্ষ্যে ময়মনসিংহ রেঞ্জ এলাকায় অধিকতর সতর্কতার সাথে দায়িত্ব পালন প্রসঙ্গে।

সূত্র: অপারেশন শাখার স্মারক নং- ৪৪.০৩.০০০০.০৪১.৫১.০২০.১৫.১০২৪, তারিখ: ১৮.১২.২০২২।

আগামী ২৫ ডিসেম্বর 'বড় দিন' ও ৩১ ডিসেম্বর/২০২২ "থার্টি ফার্ষ্ট নাইট" উদযাপন উপলক্ষ্যে যে কোন প্রকার নাশকতামূলক কার্যক্রম যেনো ঘটতে না পারে সে বিষয়ে সর্বোচ্চ সতর্কতার সাথে দায়িত্ব পালন করার নিমিত্তে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণের জন্য অত্র রেঞ্জাধীন সকল ইউনিটসমূহকে নির্দেশ প্রদান করা হলো।

ক. আপনার অধীনস্থ বিভিন্ন ক্যাম্পে মোতায়েনকৃত ব্যাটালিয়ন ও অঙ্গীভূত আনসার সদস্যদের অধিকতর সতর্কতার সাথে দায়িত্ব পালনের নির্দেশনা জারী ও প্রতিপালন নিশ্চিত করতে হবে।

খ. যে কোন অনাকাঙ্খিত পরিস্থিতির উদ্ভব হলে তাৎক্ষণিকভাবে চেইন অব কমান্ডের মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে এবং প্রতিরোধের ব্যবস্থা নিতে হবে।

গ. এ বিষয়ে সংশ্লিষ্ট বিজ্ঞ জেলা/উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেটের অনুরোধের প্রেক্ষিতে এনফোর্সমেন্ট কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

ঘ. প্রয়োজনে স্থানীয় পুলিশ কর্তৃপক্ষের সাথে এ বিষয়ে সমন্বয় করে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঙ. দায়িত্বপূর্ণ এলাকায় যে কোন সন্দেহভাজন ব্যক্তি বা গ্রুপকে দেখলে সতর্কতার সাথে পর্যবেক্ষণ করতে হবে এবং তাদেরকে সম্ভব হলে আটক করে নিজ বাহিনীর অফিসারের মাধ্যমে স্থানীয় পুলিশ অফিসার-ইন-চার্জ এর নিকট হস্তান্তর করতে হবে। আটক করা সম্ভব না হলে খুব দ্রুত নিজ বাহিনীর চ্যানেলে বিজ্ঞ জেলা/উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেটের কাছে তথ্য প্রদান এবং সংশ্লিষ্ট থানার অফিসার-ইন-চার্জকে জানাতে হবে।

চ. উগ্রপন্থী গোষ্ঠী/স্বার্থান্বেষী মহলের অপতৎপরতা যাতে অস্থিতিশীল পরিস্থিতি তৈরি করতে না পারে সে বিষয়ে বাহিনীর তৃণমূল পর্যায় পর্যন্ত সকলকে সজাগ দৃষ্টি রাখতে হবে।

ছ. যে সকল এলাকায় খ্রীষ্টান ধর্মীয় চর্চাকেন্দ্র ও গীর্জা রয়েছে সেই সকল এলাকায় যে কোনো প্রকার নাশকতামূলক তৎপরতা রোধে বাহিনীর সদস্যদেরকে বিশেষভাবে সক্রিয় থাকতে হবে।

২। **সাধারণ নির্দেশনা:** ব্যাটালিয়ন সদর দপ্তর এবং অধিনস্থ সকল ক্যাম্পে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য নির্দেশনা জারী করবেন। বিশেষ করে অতর্কিত হামলা এবং আগন্তুকের বিষয়ে তাদেরকে বিশেষ সতর্কতার সাথে দায়িত্ব পালন এবং সজাগভাবে ক্যাম্পে সার্বক্ষণিক অবস্থান নিশ্চিত করার ক্ষেত্রে পুঙ্খানুপুঙ্খভাবে কিভাবে কি করতে হবে তা ব্রীফ করার ব্যবস্থা করবেন।

৩। **বিশেষ নির্দেশনা:** ময়মনসিংহ, নেত্রকোনা ও শেরপুর জেলার অংশবিশেষ এবং জামালপুর জেলার বকশীগঞ্জ একটানা দীর্ঘ সীমান্তবর্তী এলাকা বিধায় উক্ত উৎসবকে কেন্দ্র করে অবৈধ নেশাদ্রব্য বিশেষ করে মদ, মাদকদ্রব্য ইত্যাদির বিস্তারে বিভিন্ন অসামাজিক অপরাধ সংঘঠনের সম্ভাবনাকে বিবেচনায় রেখে, তৃণমূলে অবস্থানরত আনসার কমান্ডার/সহকারী কমান্ডার এবং ভিডিপি দলনেতা/দলনেত্রী সকলকে সক্রিয়ভাবে নিজ নিজ অবস্থান থেকে জননিরাপত্তামূলক দায়িত্ব পালনের জন্য বিশেষভাবে আদেশ জারী করতে হবে।

৪। জননিরাপত্তার স্বার্থে এই পত্র জারী করা হলো।

20/12/2022

পরিচালক
ড. মোঃ সাইফুর রহমান, বিভিএম, পিএএমএস
পরিচিতি নং- ১২০০৫৮
রেঞ্জ কমান্ডার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ।

পরিচালক
১২/৬ আনসার ব্যাটালিয়ন
নালিতাবাড়ী, শেরপুর/জারিয়া, পূর্বধলা, নেত্রকোনা

জেলা কমান্ড্যান্ট
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
ময়মনসিংহ/নেত্রকোনা/জামালপুর/শেরপুর

F:\HQ\OPS\OPS Branch Latter.doc

স্মারক নং- ৪৪.০৩.৪৫৬১.০০১.০৩.০০০.২২.২০৫৯

তারিখঃ ০৫ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ।
২০ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ।

**অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | |
|---|---|---|
| ১। | বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব)<br>ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ। | সদয় অবগতির জন্য। |
| ২। | অতিরিক্ত মহাপরিচালক<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী<br>সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ৩। | উপমহাপরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/অপারেশন)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী<br>সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ৪। | পুলিশ উপমহাপরিদর্শক<br>বাংলাদেশ পুলিশ, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ। | সদয় অবগতির জন্য। |
| ৫। | উপপরিচালক [সমন্বয়/পিএস টু ডিজি]<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী<br>সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য। |
| ৬। | অপারেশন শাখা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী<br>সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | অবগতির জন্য। |
| ৭। | উপপরিচালক (মনিটরিং)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী<br>সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | অবগতির জন্য। |
| ৮। | অফিস কপি/মাস্টার কপি। | |

20/12/2022

পরিচালক [রেঞ্জ কমান্ডার]
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কমান্ড্যান্টের কার্যালয়
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, জামালপুর।

স্মারক নং: ৪৪.০৩.৪৫৩৯.০০২.১৪.০২৭.২২.১৫৬১

তারিখ: ০৫ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ।
২০ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ।

অনুলিপি :

| | | |
|---|---|---|
| ০১। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (সকল)<br>........................................,জামালপুর। | সূত্রপত্রের নির্দেশনা মোতাবেক অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ০২। | অফিস ও মাস্টার কপি। | |

20.12.22

মোঃ মিজানুর রহমান
বিএভি: ১২০২১২
সহকারী জেলা কমান্ড্যান্ট
ও
জেলা কমান্ড্যান্ট (চলতি দায়িত্ব)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, জামালপুর।